(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
চৌগাছা, যশোর
www.dss.chougachha.jessore.gov.bd

স্মারক নং-৪১.০১.৪১১১.০০০.২৫.০০১.২৬-৪৮১ তারিখ: ২২/০৭/২০২৬খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারী-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগষ্ট/২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর/২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে চৌগাছা উপজেলার তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে।আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রকারী পদ সংখ্যা- ৯৮<br><br>অতিরিক্ত ১০% রিজার্ভ রাখা হবে | ক) নুন্যতম এইচএসসি বা সমমান পাস<br>খ)বয়স ১৮-৪০বছর(শুমারির তারিখে)<br>গ)ট্যাবলেট/স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ)সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ)বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও বলতে সক্ষম<br>চ)শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ)স্নাতক বা তদুর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ)ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ)পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

| ক্র: নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার পদ সংখ্যা- ০৯<br><br>অতিরিক্ত ১০% রিজার্ভ রাখা হবে | ক)নুন্যতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ)বয়স ২৫-৪৫ বছর<br>গ)ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ)দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই(Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেটে চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ)ব্যবহারিক পরীক্ষায় ৮০% এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ)পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ<br>খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি<br>গ) পাসপোর্ট ও স্ট্যাম্প সাইজের ছবি ১ কপি করে।<br>ঘ) অভিজ্ঞতার সনদ/প্রমাণক এর সত্যায়িত অনুলিপি (যদি থাকে) |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান ও লিংক:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, চৌগাছা, যশোর ও উপজেলা সমাজসেবা কার্যালয়, চৌগাছা, যশোর এর ওয়েব সাইটে পাওয়া যাবে এই লিংক: https://dss.chougachha.jessore.gov.bd/ ও উপজেলা নির্বাহী অফিসার এর ওয়েব সাইটের লিংকঃ https://chougachha.jessore.gov.bd/

**আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার স্থানঃ** উপজেলা সমাজসেবা কার্যালয়, চৌগাছা, যশোর।

CamScanner

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্র: নং | আবেদন ফরম গ্রহণের তারিখ ও সময় | আবেদন ফরম জমা দেওয়ার তারিখ ও সময় | মৌখিক পরীক্ষার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | ২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত শুক্রবার ও শনিবার অফিস খোলা রাখা হবে | ২৩/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত শুক্রবার ও শনিবার অফিস খোলা রাখা হবে | ২৬/০৭/২০২৬ খ্রি: সকাল: ০৯.০০ ঘটিকা |

**শর্তাবলী**

১) তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১১। রিজার্ভ তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য।
১২। রিজার্ভারদের নিজস্ব ট্যাব প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে এবং
১৩। সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা ২০২৬, ফ্যামেলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

২২.০৭.২৬

ফারজানা ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার
নির্বাচন কমিটি
চৌগাছা, যশোর।
E-mail: unochougachha@gmail.com

**স্মারক নং-৪১.০১.৪১১১.০০০.২৫.০০১.২৬-৪৮১** **তারিখ: ২২/০৭/২০২৬খ্রি.**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৬,যশোর-০২(চৌগাছা-ঝিকরগাছা)।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন (চৌগাছা-ঝিকরগাছা) যশোর-০২
০৩। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৪। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
০৫। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
০৬। জেলা প্রশাসক, যশোর।
০৭। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, যশোর।
০৮। সভাপতি/সাধারণ সম্পাদক........................ (সকল প্রেস ক্লাব) চৌগাছা, যশোর।[প্রচারের অনুরোধ সহ]
০৯। অফিস কপি।

২২/০৭/২৬

মেজবাহ উদ্দীন
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার
নির্বাচন কমিটি
চৌগাছা, যশোর ।

CamScanner